নিউ ইয়র্ক সিটির GetFood NYC জরুরি খাদ্য ডেলিভারি কর্মসূচিতে অংশ নেয়ার জন্য আপনাকে ধন্যবাদ! যেসব নিউ ইয়র্কবাসীদের সবচেয়ে বেশি প্রয়োজন তাদের জন্য NYC-এর TLC ড্রাইভাররা 30 মিলিয়নেরও বেশি মিল (এবং এই সংখ্যা বাড়ছে) ডেলিভারি প্রদান করেছেন। আপনাদের উৎসর্গ এবং কঠোর পরিশ্রমের কারণেই এই প্রোগ্রামে সাফল্য অর্জিত হয়েছে। আপনাদেরকে ছাড়া আমরা এটি করতে পারতাম না।

ডেলিভারির ছবি তুলে রাখা এখন আবশ্যক

আমাদের গ্রাহকদের চমৎকার গ্রাহক সেবা পাওয়ার অধিকার রয়েছে এবং আপনাদের ভালো কাজগুলো দেখানোর জন্য সুযোগ পাওয়ার অধিকার রয়েছে। তাদের ডেলিভারিগুলো সফলভাবে সম্পন্ন হয়েছে তা নিশ্চিত করতে আমরা নতুন শর্ত বাস্তবায়ন করছি। গ্রাহকদের দরজার সামনে খাবার পৌঁছেছে তা দেখানোর জন্য **এখন থেকে আপনাকে অবশ্যই একটি ছবি তুলতে হবে**।

ছবিতে নিচের যেকোনো একটি অন্তর্ভুক্ত থাকতে হবে:

- বক্সের ওপর গ্রাহক বা তার মনোনীত ব্যক্তির স্বাক্ষরের একটি ছবি (নিশ্চিত করুন যে গ্রাহকের নাম ও ঠিকানা বক্সের ওপর লেখা আছে এবং তা ছবিতে দেখা যাচ্ছে) **অথবা**
- গ্রাহকের অ্যাপার্টমেন্টের দরজার সামনে রাখা বক্সের একটি ছবি (নিশ্চিত করুন যে গ্রাহকের নাম ও ঠিকানা বক্সের ওপর লেখা আছে এবং তা ছবিতে দেখা যাচ্ছে)

প্রতিটি ছবি কমপক্ষে সাত দিন পর্যন্ত সংরক্ষণ করুন।

ড্রাইভার পর্যালোচনা প্রক্রিয়া

GetFood NYC কর্মসূচি ড্রাইভারদের ডেলিভারিগুলো নিয়মিতভাবে পর্যালোচনা করবে। এই পর্যালোচনাগুলোর একটিতে অংশ নিতে আপনাকে একটি মিল ডেলিভারি হাবে রিপোর্ট করার জন্য অনুরোধ করা হতে পারে। পর্যালোচনাতে আপনাকে আপনার ছবিগুলো এবং যেকোনো ফোন কলের ইতিহাস শেয়ার করার জন্য বলা হবে যা আপনার রুটগুলো সম্পন্ন করার জন্য আপনি যে কাজ করেছিলেন তাকে তুলে ধরবে। এই পর্যালোচনাগুলোতে অংশ নিতে ব্যর্থ হলে অথবা ডকুমেন্টেশন দেখাতে ব্যর্থ হলে তা আপনার পেমেন্টগুলোকে প্রভাবিত করতে পারে।